

## রাজধানীর ২৪টি সরকারী হাই স্কুলের ভর্তিযুক্ত

### শূন্য আসন ৭৪১১ □ প্রার্থী ৩১৮৫৪

সামাহউদ্দীন বাবলু ॥ রাজধানী টাকার ২৪টি সরকারী হাই স্কুলে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত বিভিন্ন শ্রেণীর সর্বমোট ৭ হাজার ৪১১টি শূন্য আসনের জন্য এবার ৩১ হাজার ৮৫৪ জন ছাত্র-ছাত্রী ভর্তিযুক্ত প্রার্থী নেবে। আগামী ৯ জানুয়ারী থেকে ৩ দিনব্যাপী এই ভর্তি পরীক্ষা শুরু হবে। গতকাল (রবিবার) ভর্তি পরীক্ষার আবেদন ফর্মের জমা দেবার শেষ দিন পর্যন্ত ২৪টি

সরকারী স্কুলে সর্বমোট ৩১ হাজার ৮৫৪টি আবেদনপত্র জমা পড়ে। তবে এগার সর্বমোট ফর্ম বিক্রি হয়েছিল ৩৩ হাজার ৫৩টি। এবার সবচেয়ে বেশী আবেদনপত্র জমা পড়েছে মতিঝিল সরকারী বালক বিদ্যালয়ে। এখানে ২৪০টি শূন্য আসনে ভর্তির জন্য ৩ হাজার ৮৯৩ জন আবেদন করেছে। এর পরেই রয়েছে গভঃ ৭-এর ৭৪৩৩ কং সেশন

## সরকারী স্কুলে ভর্তিযুক্ত

অন্য পুস্তক পর।  
ল্যাবরেটরি ৫টি কুল। গভঃ ল্যাবরেটরীর ২৮৭টি শূন্য আসনের বিপরীতে ভর্তির আবেদনপত্র জমা পড়েছে ৩ হাজার ৮১৫টি। এছাড়া ধানমন্ডি গভঃ বয়েজের ২৪৪টি শূন্য আসনে ৩ হাজার ২৯০টি, মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়ের ৪২৮টি শূন্য আসনের জন্য ২ হাজার ৬৪২টি, ঢাকা কলেজিয়েট স্কুলের ৩৫৪টি শূন্য আসনে ১ হাজার ৭২২টি, মিরপুর সরকারী হাই স্কুলের ৪৭২টি শূন্য আসনে ১ হাজার ৬০৪টি, বালোবাজার বালিকা বিদ্যালয়ের ৩৪১টি শূন্য আসনে ১ হাজার ৪৪৫টি, বিলপাও উচ্চ বিদ্যালয় ২৬৮টি শূন্য আসনে ১ হাজার ৪৫২টি, শেরেবাংলা নগর উচ্চ বালক বিদ্যালয়ের ৪১০টি শূন্য আসনে ১ হাজার ২৯৪টি, তেজগাঁও বালিকা বিদ্যালয়ের ৩৮৪টি শূন্য আসনে ১ হাজার ২৫৩টি, মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের ২৬৭টি শূন্য আসনে ১ হাজার ১৭৫টি, গণভবন সরকারী উচ্চ বিদ্যালয়ের ৫৫৮টি শূন্য আসনে ১ হাজার ১১১টি, সরকারী বিজ্ঞান কলেজের (ছুল বিভাগ) ৩৬৩টি শূন্য আসনে ১ হাজার ৯০টি, ঢিকটুপী কামরুন্নেসা বালিকা বিদ্যালয়ের ২১২টি শূন্য আসনে ১ হাজার ৮৪টি, নারিন্দা সরকারী উচ্চ বিদ্যালয়ের ৪৪২টি শূন্য আসনে ৯১১টি, শেরেবাংলা নগর বালিকা বিদ্যালয়ের ৩১২টি শূন্য আসনে ৯২৮টি, আরমানীটোলা হাই স্কুলের ২২৫টি শূন্য আসনে ৮৮৭টি, ধানমন্ডি কামরুন্নেসা বালিকা বিদ্যালয়ের ২২৩টি শূন্য আসনে ৬৫২টি, গভঃমেন্ট মুসলিম হাই স্কুলের ১৫২টি শূন্য আসনে ৫৭১টি, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের ৩৬৩টি শূন্য আসনে ৫৬০টি, তেজগাঁও বালক উচ্চ বিদ্যালয়ের ২৩০টি শূন্য আসনে ৫৬৭টি, ধানমন্ডি বালিকা বিদ্যালয়ের ২৬৬টি শূন্য আসনে ৫৪১টি, ইসলামিয়া সরকারী বিদ্যালয়ের ১৮৫টি শূন্য আসনে ৩৫০টি এবং নিউ গভঃমেন্ট গার্লস স্কুলের ১০৫টি শূন্য আসনে ২১৬টি আবেদন ফর্ম জমা পড়েছে।

মজার ব্যাপার হচ্ছে, রাজধানীর কোন কোন সরকারী স্কুলে যেখানে ১টি শূন্য আসনের বিপরীতে ৪৫ জন পর্যন্ত ভর্তিযুক্ত লড়বে, সেখানে অনেক সরকারী হাই স্কুলে বেশকিছু শ্রেণীতে গছুর শূন্য আসন বালিই পড়ে থাকবে। সেখানে ঘোষিত শূন্য আসনের চেয়েও অনেক কম ফর্ম বিক্রি ও জমা পড়েছে। গভঃ ল্যাবরেটরি হাই স্কুলে ১ম শ্রেণীর ২৪০টি শূন্য আসনের জন্য ফর্ম জমা পড়েছে ২৬৭ ৫০টি, ২য় শ্রেণীর ৬টি শূন্য আসনের জন্য ১৬০টি, ৩য় শ্রেণীর ৯টি শূন্য আসনের জন্য ৩০০টি, ৪র্থ শ্রেণীর ৬টি শূন্য আসনের জন্য ১৫০টি, ৫ম শ্রেণীর ২টি শূন্য আসনের জন্য ৯০টি এবং ৬ষ্ঠ শ্রেণীর ২৪টি শূন্য আসনে (কেবল রাজধানীর সরকারী প্রাথমিক স্কুলের ৫ম শ্রেণী উর্দূ চাত্রদের জন্য) ৩৬০টি ফর্ম জমা পড়েছে। অপরদিকে নবাবপুর সরকারী হাই স্কুলের ২য় শ্রেণীর ৮০টি শূন্য আসনের জন্য ১০২টি, ৩য় শ্রেণীর ৩০টি শূন্য আসনে ৫৭টি, ৪র্থ শ্রেণীর ৯টি শূন্য আসনে ৫৫টি, ৫ম শ্রেণীর ২৭টি শূন্য আসনে ৫০টি, ৬ষ্ঠ শ্রেণীর ১০টি শূন্য আসনে (সরকারী প্রাথমিক স্কুলের ছাত্রছাত্রীদের জন্য) ৮২টি এবং ৬ষ্ঠ শ্রেণীর (সাধারণ) অপর ৪৮টি শূন্য আসনে মাত্র ৪৫টি আবেদন ফর্ম জমা পড়েছে। উল্লেখ্য, ২৪টি স্কুলকে ৩টি বিভাগে ভাগ করে আগামী ৯, ১১ ও ১৩ জানুয়ারী পৃথক পৃথক প্রস্তুত কেস্ট্রীভভাবে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এর ফলে অনেক ছাত্রছাত্রী একাধিক স্কুলে ভর্তি পরীক্ষা দেয়ার সুযোগ পাবে। ভর্তি পরীক্ষার এক সপ্তাহের মধ্যে যেথা অনুযায়ী ফলাফল (অপেক্ষমাণ তাপিকাসহ) ঘোষণা করা হবে। এবার প্রতিটি ভর্তির আবেদন ফর্মের দাম ধার্য করা হয়েছিল ৬০ টাকা। এ থেকে স্কুলগুলোর আয় হয়েছে প্রায় ২০ লাখ টাকা।